সমকাল

14 APR 2016
6 ... 6

# প্রাথমিকের বৃত্তির ফল ঘোষণা ১৯ এপ্রিল

■ সমকাল প্রতিবেদক

প্রাথমিকের বৃত্তির ফল ঘোষণা করা হবে ১৯ এপ্রিল মঙ্গলবার। ২০১৫ সালের পঞ্চম শ্রেণীর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলের ভিত্তিতে ওই দিন বিকেল ৩টায় এক সংবাদ সম্মেলনে বৃত্তিপ্রাপ্ত ,শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। এ উপলক্ষে ওই দিন সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। গতকাল বুধবার মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় এ তথ্য জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বৃত্তির ফল প্রকাশ করবেন জানিয়ে জনসংযোগ কর্মকর্তা বলেন, প্রাথমিকে এবার ৮২ হাজার ৫০০ শিক্ষার্থী বৃত্তি পাবে। পঞ্চম শ্রেণীর প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলের ওপর ভিত্তি করে আগে ৫৫ হাজার শিক্ষার্থী বৃত্তি পেত। সে অনুযায়ী, প্রাথমিকে এবার বৃত্তির সংখ্যা ২৭ হাজার ৫০০ বাড়ছে। বৃত্তির সংখ্যার সঙ্গে বৃত্তির অর্থের পরিমাণও বাড়ছে বলে জানান তিনি। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে জানা গেছে, আগে প্রাথমিকে ট্যালেন্টপুলে (মেধাবৃত্তি) ২২ হাজার ও সাধারণ হিসেবে ৩৩ হাজার শিক্ষার্থী বৃত্তি পেত। এবার থেকে ট্যালেন্টপুলে ৩৩ হাজার ও সাধারণ ৪৯ হাজার ৫০০ বৃত্তি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

গণশিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, নতুন সিদ্ধান্ত অনুযায়ী, মেধা বৃত্তিপ্রাপ্ত একজন শিক্ষার্থী প্রতি মাসে ২০০ টাকার পরিবর্তে ৩০০ টাকা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ১৫০ টাকার পরিবর্তে ২২৫ টাকা করে পাবেন। আগের মতো তিন বছর পর্যন্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা এ হারে অর্থ পাবেন।

গত ৩১ ডিসেম্বর প্রাথমিক সমাপনীর ফল প্রকাশিত হয়। এতে পাসের হার ৯৮ দশমিক ৫২ শতাংশ। প্রাথমিকে জিপিএ ৫ পেয়েছে দুই লাখ ৭৫ হাজার ৯৮০ জন।